দৈনিক বাংলা

তারিখ 09 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

114

# বুয়েট শিক্ষকদের তৃতীয় ও চতুর্থ বর্ষের ক্লাস বর্জন

বুয়েট সংবাদদাতা ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা তাদের দাবী আদায়ের লক্ষ্যে ৩য় ও ৪র্থ বর্ষের ক্লাস নিচ্ছেন না। বুধবার থেকে তারা উল্লিখিত দুটি বর্ষের ক্লাস বর্জনের কর্মসূচী শুরু করেছেন।

শিক্ষকদের বকেয়া সেশন–জ্যাম ভাতা প্রদান ও পহেলা সেপ্টেম্বর ভিসির বাসায় সংঘটিত অপ্রীতিকর ঘটনার জন্যে দায়ী ছাত্রদের শাস্তির দাবীতে বুয়েট শিক্ষক সমিতি এই কর্মসূচী গ্রহণ করেছেন।

উল্লেখ্য, গত ২৮ নবেম্বর হতে একই দাবীতে শিক্ষকরা প্রশাসনের সাথে অসহযোগিতার কর্মসূচী শুরু করেছেন। এই কর্মসূচীর অধীনে ক্লাস নেয়ার বাইরে সকল কাজ হতে শিক্ষকরা বিরত রয়েছেন। হল প্রভোষ্টরা হলের দায়িত্ব পালন থেকে বিরতরয়েছেন।

এদিকে দাবী আদায়ের লক্ষ্যে শুধু ৩য় ও ৪র্থ বর্ষের ক্লাস বর্জনের সিদ্ধান্ত নেয়ায় উক্ত দুই বর্ষের ছাত্র–ছাত্রীদের মধ্যে তীব্র অসন্তোষ বিরাজ করছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠনগুলোও এ ব্যাপারে নিন্দা জানিয়েছে।